দৈনিক ইনকিলাব

C40

তারিখ 04 FEB 1988
পৃষ্ঠা 5 কলাম 3

# শিক্ষাঙ্গন

## দীর্ঘ মেয়াদী সিলেবাস

বৃটিশ আমলে আমাদের দেশের বিদ্যালয়সমূহে দীর্ঘমেয়াদী সিলেবাস ছিলো বিধায় ছাত্ররা ৮০ ভাগ পুরাতন বই নামকাওয়াস্তে মূল্যে কিনতে পারতো। গরীব ছাত্ররা বিত্তশালী পরিবারের ছাত্রদের কাছ থেকে বিনামূল্যে বই আনতে পারতো। আবার যারা নতুন বই কিনতো তারা বিভিন্ন পুস্তকের দোকান থেকে পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে কিনতে পারতো হ্রাসকৃত মূল্যে। সেকালে পুস্তক প্রকাশকের ক্ষেত্রেও বর্তমানের মত এত দীর্ঘ নিয়ম ছিল না। বর্তমানে এই নিয়মটি থাকায় বছরের প্রথম দিকেই ছাত্রদেরকে নতুন প্রকাশিত বইয়ের অপেক্ষায় থাকতে হয়। যার দরুন পাঠ্য পুস্তকের সব অংশ পুরাপুরিভাবে শেষ করা ছাত্রদের পক্ষে সম্ভব হয় না। বাংলাদেশ একটি গরীব দেশ। পুস্তক প্রকাশের ক্ষেত্রে স্বল্প মেয়াদী সিলেবাস না করে যদি দীর্ঘমেয়াদী সিলেবাসের নিয়ম করা হয় তবে দেশের অধিকাংশ গরীব ছাত্র নিয়মিত পড়া লেখার সুযোগ পাবে। তাই উপরোক্ত বিষয়টির সুবিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—শাহনাজ ও মান্নান,

## নোটবই ও বিকল্প ব্যবস্থা

শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভা সৃষ্টির লক্ষ্যে কর্তৃপক্ষ ১ম শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত সকল প্রকার নোটবই প্রকাশ ও বিক্রয় নিষিদ্ধ ঘোষণা করেছেন। এ সিদ্ধান্তটি সত্যিই প্রসংশার দাবীদার। কিন্তু দুঃখের বিষয় নিষিদ্ধ হওয়া সত্ত্বেও এ নোটবই এখন সর্বত্র সহজলভ্য হয়ে পড়েছে। যা তথ্য ও তত্ত্বগত দিক থেকে নিম্নমানের, সর্বোপরি প্রচলিত বানান ও ভাষা রীতিরও পরিপন্থী। অতএব যখন আইন করে নোটবই প্রকাশ ও বিক্রয়ের মানসিকতা রোধ করা সম্ভব হচ্ছে না, তখন শিক্ষার্থীরা যাতে উন্নত শিক্ষা লাভে উন্নততর নোটবই পেতে পারে সেজন্য বিকল্প ব্যবস্থা গ্রহণের এখনই সময়। অন্যথায় কোমলমতি শিক্ষার্থীরা ভবিষ্যতে ক্ষতিগ্রস্ত হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ বাছেদ মিয়া (বাসু)

## প্রাথমিক বিদ্যালয়ের বই

দেশের প্রাথমিক শিক্ষার উন্নতির লক্ষ্যে বাংলাদেশ সরকার প্রাথমিক বিদ্যালয়গুলোতে বিনামূল্যে বই বিতরণের ব্যবস্থা করেছেন। ইতিমধ্যে দেশের প্রায় সবগুলো বিদ্যালয়ে এ বই বিতরণ করা হয়েছে। এ বই হতে কোনরকম মূল্য বা টাকা নেয়া সম্পূর্ণ নিষিদ্ধ। তবুও দেখা যাচ্ছে কিছু কিছু প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বই বাবদ ছাত্রদের থেকে টাকা আদায় করছেন। এদিকে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—কে, বি, এম, আউয়াল,